

নম্বর: ০৫.০০.০০০০.১৭৩.০৮.০০২.২১.১১৯

তারিখ: ৬ আষাঢ়, ১৪২৮

২০ জুন ২০২১

প্রজ্ঞাপন

Allocation of Business Among The Different Ministries and Divisions (Schedule I of The Rules of Business, 1996) (Revised up to April 2017) এর জনপ্রশাসন মন্ত্রণালয়ের অংশে ৩৭ নম্বর ক্রমিকে প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়ের চাহিদা মোতাবেক স্থগিতকৃত জাতীয় সংসদের ২৭৫ লক্ষ্মীপুর-২ শূন্য আসনে নির্বাচন এবং ৬ষ্ঠ ধাপে স্থগিতকৃত ঝালকাঠি জেলার ঝালকাঠি পৌরসভা ও দিনাজপুর জেলার সেতাবগঞ্জ পৌরসভার সাধারণ নির্বাচন উপলক্ষ্যে ভোটগ্রহণের দিন অর্থাৎ আগামী ২১ জুন ২০২১ তারিখ সোমবার সাধারণ ছুটি ব্যতীত নির্বাচনী এলাকাধীন যে সকল শিক্ষা প্রতিষ্ঠান ও স্থাপনা ভোটকেন্দ্র হিসেবে ব্যবহার বা নির্বাচনী কার্যক্রমের জন্য নির্ধারণ করা হয়েছে, সেগুলো বন্ধ ঘোষণা করা হলো। তাছাড়া সংশ্লিষ্ট নির্বাচনী এলাকাধীন স্বাস্থ্যসেবা ও শিক্ষা প্রতিষ্ঠানসহ সকল অফিস/সংস্থা/ প্রতিষ্ঠানে কর্মরত ভোটারদের ভোটাধিকার প্রয়োগের সুযোগ দানের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



২০-৬-২০২১

কাজী মোহাম্মদ সাইফুল ইসলাম
উপসচিব

নম্বর: ০৫.০০.০০০০.১৭৩.০৮.০০২.২১.১১৯/১(৫৫৭)

তারিখ: ৬ আষাঢ়, ১৪২৮

২০ জুন ২০২১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) সিনিয়র সচিব/সচিব (সকল)
- ৪) সিনিয়র সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়
- ৫) প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর
- ৬) বিভাগীয় কমিশনার, বরিশাল/রংপুর/চট্টগ্রাম
- ৭) প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৮) জেলা প্রশাসক, দিনাজপুর/ঝালকাঠি
- ৯) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ১০) উপজেলা নির্বাহী অফিসার (সকল)
- ১১) মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর

১২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়